# মেহেরপুর পৌরসভা

মেহেরপুর।

'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২৪/০৩/২০২০ ইং তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার কাঁলাচাদ সভাকক্ষে পৌরসভার 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা মোছাঃ আলপনা খাতুন।

সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর পরিশিষ্ঠ "ক" তে দেখানো হল।

আলোচ্য সূচী:

১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২. UGIIP-III প্রকল্পের আওতায় ৬টি বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়নের কাজ বাস্তবায়ন ও কোভিড - ১৯ এর প্রাদুর্ভাবের কারণে দরিদ্র ও অসহায় মানুষের সহযোগিতা করণ নিয়ে আলোচনা।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন। | সভায় সভাপতি মহোদয় মোছাঃ আলপনা খাতুন আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৬/০২/২০২০ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়। | পঠিত ও গৃহীত হল |
| UGIIP-III প্রকল্পের আওতায় ৬টি বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়নের কাজ বাস্তবায়ন ও কোভিড - ১৯ এর প্রাদুর্ভাবের কারণে দরিদ্র ও অসহায় মানুষের সহযোগিতা করণ নিয়ে আলোচনা। | সভাপতি মহোদয় সভায় জানান, মেহেরপুর পৌরসভায় দারিদ্র নিরসন কর্মপরিকল্পনা PRAP বাস্তবায়নে অত্র পৌরসভায় অনুমোদিত ৬টি বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়নের কাজ চলমান রয়েছে। বস্তি উন্নয়নের এই কাজ ৪টি কিস্তিতে সম্পন্ন হবে। আপনারা জানেন ইতি মধ্যে ১ম কিস্তির কাজ শেষ হয়েছে। কাজের সর্বশেষ অবস্থা জানানোর জন্য সভাপতি মহোদয় বস্তি উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করেন।<br>বস্তি উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন, আমরা প্রথম কিস্তির কাজ প্রায় শেষ করেছি। এর মধ্যে নানাবিধ পারিপার্শিক কারণে এমবি এখনো সম্পন্ন হয়নি। তবে এমবি সম্পন্ন করার জন্য মেয়র মহোদয় নির্দেশনা দিয়েছেন। অতি শিঘ্রই এমবি প্রস্তুত হবে বলে সভায় আশা প্রকাশ করা হয়।<br>মেয়র মহোদয় সভায় বলেন, আপনারা সকলেই অবগত | মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও বস্তি উন্নয়ন কর্মকর্তা। |

| | | |
|---|---|---|
| | আছেন যে, সারা বিশ্বে কোভিড-১৯ বা করোনা ভাইরাস সংক্রমিত হচ্ছে। এই ভাইরাস বাংলাদেশেও পরিলক্ষিত হয়েছে। এর কারণে বাংলাদেশ সরকার সমস্ত অফিস আদালত বন্ধের ঘোষনা করেছে। এতে করে সাধারণ খেটে খাওয়া মানুষ কাজ হারাতে পারে এবং খাদ্যের অভাব হতে পারে। তিনি উপস্থিত সকল সদস্যে দৃষ্ঠি আকর্ষন পূর্বক বলেন, মেহেরপুর পৌরসভার প্রতিটি নাগরিক যাতে ভালো থাকে সে দায়িত্ব আমাদের সামাজিক দুরত্ব বজায় রেখে চলতে হবে এবং যারা অর্থ কষ্টে বা খাদ্যের অভাবে থাকবে তাদেরকে অবশ্যই সাহায্য সহযোগিতা করতে হবে। এ ব্যাপারে তিনি সকলকে বলেন, আমার দ্বার সর্বদা উন্মুক্ত থাকবে। যখন যে সাহায্য সহযোগিতা প্রয়োজন হয় তখন তাই করবো ইনশায়াল্লাহ। | |
| বিবিধ | জনাবা হোসনে আরা, দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি সভায় বলেন, মেহেরপুরের অধিকাংশ পরিবার দরিদ্র। এরা দিন মজুর অথবা প্রান্তিক চাষি বা স্বল্প পুজির ব্যবসায়ী। সরকার যদি সব কিছু বন্ধ করে দেয় তাহলে এই পরিবার গুলির প্রচুর আর্থিক ও খাদ্যের সমস্য হবে। এহেন পরিস্থিতিতে এই পরিবারগুলির পাশে সাহায্যের হাত না বাড়ালে এরা মহা বিপদে পড়বে। এ ব্যাপারে তিনি মেয়র মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষন করেন।<br>এ ব্যাপারে মেয়র মহোদয় সভায় জানান, পৌরসভার মেয়র হিসেবে আমার একটি দায়িত্ব অবশ্যই আছে এবং থাকবে। পরিস্থিতি অনুযায়ী বাংলাদেশ সরকার অবশ্যই ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়া মেহেরপুর পৌরসভার প্রতিটি পরিবারের জন্য দৃষ্টি থাকবে। কাউকেই এই দূর্যোগের মুহূর্তে না খেয়ে মরতে হবেনা ইনশায়াল্লাহ। যখন যার যে কোন সাহার্যের প্রয়োজন হলে তার ব্যবস্থা করা হবে। তিনি এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। | মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি ও বস্তি উন্নয়ন কর্মকর্তা। |

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

**(মোছাঃ আলপনা খাতুন)**
কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড (সংরক্ষিত)
ও সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটি,
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" (সেক্টর) প্রকল্প।
২. ..........................................., সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ।

# মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক' অতিরিক্ত স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২৪/০৩/২০২০ ইং

সভার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

| ক্রঃনং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন | মেয়র, মেহেরপুর পৌরসভা | |
| ২ | জনাব মোছাঃ শিউলী খাতুন | কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড,(সংরক্ষিত)মেহেরপুর পৌরসভা | |
| ৩ | জনাব হামিদা | কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড,(সংরক্ষিত)মেহেরপুর পৌরসভা | |
| ৪ | জনাব মোঃ আল মামুন | কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা | |
| ৫ | জনাব মোঃ হারুন-উর-রশীদ | নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা | |
| ৬ | হোসনে আরা | দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি | |
| ৭ | মাসুদ শেখ | দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি | |
| ৮ | খোন্দকার জাহিদুল হক | বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা | |
| ৯ | মোঃ [illegible] | LCDA (UGIIP3) | |
| ১০ | | | |